বাংলাদেশ সোসাইটি অফ ফিজিওলজিস্টস ( বি এস পি ) এর ২০২৪-২০২৫ সেশনের কার্যনির্বাহী পরিষদের

## প্রথম কার্যনির্বাহী সভার কার্যবিবরনী

**সভাপতিঃ**

অধ্যাপক ডাঃ নাসিম জাহান

(সম্মানিত সভাপতি, বি এস পি)

**সভার তারিখঃ** ০৬/০১/২০২৪ ইং

**সভার সময়ঃ** সন্ধ্যা ৭ ঘটিকা

**সভার স্থানঃ** অনলাইন জুম মিটিং

**সভায় উপস্থিতিঃ** ২৫ জন (সভায় অংশগ্রহণকারী কার্যনির্বাহী সদস্যের হাজিরার কপি সংযুক্ত)

সম্মানিত সভাপতি প্রথমেই উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি নবগঠিত কার্যনির্বাহী পরিষদ সদস্যদের পরিচিতি শেষে সদস্যবৃন্দের দায়িত্বের গুরুত্ব বিশদভাবে আলোচনা করেন। অতঃপর তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনা করেন-

সভায় নিম্নোক্ত আলোচ্যসুচী অনুযায়ী আলোচনা হয়ঃ

১। আর্থিক ক্ষমতা হস্তান্তর প্রক্রিয়া বিষয়ক আলোচনা।

২। বিভিন্ন সাব-কমিটিসমুহ তৈরী এবং সংশ্লিষ্ট সদস্যদের দায়িত্ব অবহিতকরণ।

৩। বার্ষিক সাধারণ সভা আয়োজন

৪। পুর্বতন সভাপতি এবং সাধারণ সম্পাদককে পদাধিকার বলে নতুন কমিটিতে অন্তভুক্তকরণ

৫। টেলিফোন নির্দেশিকা হালনাগাদকরণ

৬। বিবিধ

**০১। আর্থিক ক্ষমতা হস্তান্তর প্রক্রিয়া বিষয়ক আলোচনাঃ**

সভাপতি অনুরোধ করেন কোষাধ্যক্ষ ডাঃ কাজী সালমা বিনতে ফারুকীকে আর্থিক ক্ষমতা হস্তান্তর প্রক্রিয়া অতি দ্রুত সম্পন্ন করার জন্য। এক্ষত্রে তিনি বিগত কোষাধ্যক্ষ অধ্যাপক ডাঃ নিলুফা আখতার এবং বিগত কমিটির সম্মানিত সভাপতি অধ্যাপক ডাঃ রোকেয়া বেগম এবং সাধারণ সম্পাদক অধ্যাপক ডাঃ নিলুফার রহমান এর সাথে আলোচনা সাপেক্ষে তাদের সুবিধাজনক সময়ে এই কার্যক্রম সুচারুরূপে করার ব্যাপারে জোর দেন।

সকলের সাথে আলোচনাক্রমে ১৬ই জানুয়ারী ২০২৪ তারিখের মধ্যে এই হস্তান্তর প্রক্রিয়া সম্পাদন হবে বলে সংশ্লিষ্ট সকলে আশাবাদ ব্যক্ত করেন।

**০২। বিভিন্ন সাব-কমিটিসমুহ তৈরী এবং সংশ্লিষ্ট সদস্যদের দায়িত্ব অবহিতকরণঃ**

জার্নাল কার্যক্রম সময়ানুযায়ী পরিচালনার জন্য সম্পাদকীয় পরিষদ (editorial board) গঠনের ব্যাপারে আলোচনা হয়। পরবর্তী কার্যনির্বাহী পরিষদের সভায় এ সংক্রান্ত কমিটি পরামর্শক্রমে গঠিত হবে।

উপস্থিত সকল সদস্যদের মতামত অনুযায়ী নিম্নোক্ত সদস্যদের সমন্বয়ে বৈদেশিক বিষয়াবলী পরিষদ (foreign affairs) গঠনের সুপারিশ করা হয়ঃ

অধ্যাপক ডাঃ নুরজাহান বেগম

অধ্যাপক নাঈমা সুলতানা

ব্রিগেডিয়ার জেনারেল অধ্যাপক ডাঃ শারমিন সুলতানা

অধ্যাপক ডাঃ চন্দ্রা রানী সরকার

ডাঃ ইফফাত জাহান

ডাঃ শামস রুহানী ইসলাম

**৩। বার্ষিক সাধারণ সভা আয়োজনঃ**

অধ্যাপক ডাঃ ফরিদা আদিব খানম সশরীরে বার্ষিক সাধারন সভা করার প্রস্তাবনা দেন। অধ্যাপক ডাঃ নাসিম জাহান সাধারন সভায় ২টি বৈজ্ঞানিক উপস্থাপনা করার ব্যাপারে মতামত দেন। সকল সদস্য অতিদ্রুত এই সভা আয়োজনের তাগাদা দেন । এসময় অধ্যাপক নাঈমা সুলতানা ঢাকার অভ্যন্তরে সুবিধাজনক কোন ভেন্যুতে সভা আয়োজনের সুপারিশ করেন। অধ্যাপক ডাঃ রোকেয়া বেগম এ সময়ে বকেয়া দুই বছরের সদস্য ফি উত্তোলনের ব্যাপারে গুরুত্ব আরোপ করেন। সবার সম্মতি ক্রমে ফেব্রুয়ারী মাসের যেকোন সুবিধাজনক সপ্তাহে সভা আয়োজনের নীতিগত সিদ্ধান্ত হয়। এর পুর্বে আরও একটি কার্যনির্বাহী সভা আয়োজনের সিদ্ধান্ত হয়।

**৪। পুর্বতন সভাপতি এবং সাধারণ সম্পাদককে পদাধিকার বলে নতুন কমিটিতে অন্তভুক্তকরণঃ**

সভায় পুর্বতন সভাপতি অধ্যাপক ডাঃ রোকেয়া বেগম এবং সাধারণ সম্পাদক অধ্যাপক ডাঃ নিলুফার রহমানকে পদাধিকার বলে নতুন কমিটিতে অন্তভুক্তকরণ এর ব্যাপারে সর্বসম্মতিক্রমে নীতিগত সিদ্ধান্ত হয়।

**৫। টেলিফোন নির্দেশিকা হালনাগাদকরণঃ**

অধ্যাপক ডাঃ রোকেয়া বেগম সদস্য তালিকা বর্তমান তারিখ অবধি হালনাগাদ করা সাপেক্ষে টেলিফোন নির্দেশিকা হালনাগাদকরণ এর ব্যাপারে সকলের দৃষ্টি আকর্ষন করেন। এ সময়ে ডাঃ শামস রুহানী ইসলাম ছবিযুক্ত টেলিফোন নির্দেশিকা করার পক্ষে মতামত দেন। এ ব্যাপারে সম্মানিত সভাপতি ২০ ফেব্রুয়ারীর মধ্যে এই কার্য সমাধানের নির্দেশনা প্রদান করেন।

**৫। বিবিধঃ**

**কারিকুলাম সংক্রান্ত আলোচনাঃ**

পরিবর্তিত নতুন ২০২১ এর কারিকুলাম নিয়ে সকলের আলোচনা প্রয়োজন বলে মত দেন অধ্যাপক নাঈমা সুলতানা , এসময় তিনি কেন্দ্রীয় ভাবে এবং বিভাগীয় পর্যায়ে এ ব্যাপারে প্রশিক্ষণ কর্মশালা করার গুরুত্ব আরোপ করেন। এ সময়ে অধ্যাপক ডাঃ চন্দ্রা রানী সরকার মতামত দেন যে কিছু সভা অনলাইনেও আয়োজন করা যেতে পারে। ডাঃ মিজানুর রহমান এ সময়ে কারিকুলাম সংক্রান্ত আলোচনায় মেডিকেল এডুকেশন শাখার কর্মকর্তাদের সদিচ্ছা আছে বলে অভিমত দেন।

**পিকনিক আয়োজনঃ**

সকলে পিকনিক আয়োজনের উদ্যোগ নেয়া যেতে পারে বলে মতামত দেন। এ সময়ে অধ্যাপক ডাঃ ফরিদা আদিব খানম ভেন্যু ঠিক করে সেটা আয়োজনের জন্য নতুন কমিটিকে অনুরোধ জানান। সকল মেম্বাররা যাতে অংশগ্রহণ করতে পারে এবং শীতকালীন সুবিধাজনক সময়ে আয়োজনের ব্যপারে একাধিক সদস্য মতামত দেন।

**ইন্টিগ্রেটেড টিচিংঃ**

এসাইন্মেন্ট জমাদানের জন্য সাধারণ গাইডলাইন প্রনয়ন করা যায় কিনা সে ব্যাপারে আলোচনা হয়।

**জার্নাল প্রকাশঃ**

সময়মত জার্নাল প্রকাশের ব্যাপারে সকলে গুরুত্ব দেন। এ সময়ে অধ্যাপক ডাঃ নিলুফার রহমান বাংলাজলের সাবক্রিপশন ফি দ্রুত পরিশোধের আহবান জানান নতুন কমিটির কাছে। অধ্যাপক ডাঃ লতিফা দিল নাহার বার্ষিক ৩ বার জার্নাল বের করা যায় কিনা সে ব্যাপার উত্থাপন করেন।

**সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত নেওয়া হয়-**

১। ৩ বার কোন নির্বাহী সদস্য মিটিং এ অংশগ্রহণ না করলে তার সদস্যপদ বাতিল করা হবে

২। সংবিধান সংশোধনের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়।

৩। অতি দ্রুত নতুন কমিটির কাছে আর্থিক ক্ষমতা হস্তান্তর করা হবে।

৪। সদস্যদের চাঁদা উত্তোলনের কার্যক্রম হালনাগাদ করা হবে।

৫। নিয়মিত জার্নাল প্রকাশ করার ব্যবস্থা নেওয়া হবে

৬। টেলিফোন নির্দেশিকা ছবিসহ হালনাগাদ করা হবে।

৭।অতিদ্রুত সকল সদস্যের অংশগ্রহনে সাধারণ সভার আয়োজন করা হবে।

৮।সমাজকল্যাণ অধিদপ্তরের সাথে যোগাযোগ রক্ষা করা হবে।

পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে ও সকলের সুস্থতা কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



অধ্যাপক ডাঃ নাসিম জাহান

সভাপতি, ২০২৪-২০২৫ কার্যনির্বাহী পরিষদ

বাংলাদেশ সোসাইটি অফ ফিজিওলজিস্টস ( বি এস পি )